

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.১২-২৮

তারিখঃ ০২-০২-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের চলাচল নিবিঘ্ন করা প্রসংগে।

কৃষি বিপণন অধিদপ্তর কৃষিপণ্যের বাজার দর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য চলাচল নিবিঘ্ন করা প্রয়োজন। বর্তমানে হরতাল/অবরোধ কর্মসূচীর কারণে কৃষিপণ্য ও ভোগ্যপণ্যের অবাধ চলাচল বিঘ্নিত হচ্ছে। ফলে কৃষক পর্যায়ে কৃষিপণ্যের মূল্য ব্যাপকভাবে হ্রাস পেয়েছে। অন্যদিকে মহানগরগুলোতে একই পণ্যের মূল্য অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। কৃষক/ভোক্তা পর্যায়ে পণ্য মূল্য সন্তোষজনক রাখার লক্ষ্যে কৃষিপণ্যের পরিবহন ব্যয় হ্রাস করার জন্য পণ্য চলাচল স্বাভাবিক রাখা প্রয়োজন।

আপনার সর্বাঙ্গিক সহযোগিতা অব্যাহত থাকলে কৃষিপণ্য বিপণনে অত্র অধিদপ্তর তার উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনে সক্ষম হবে এবং দেশের আপামর জনসাধারণ সার্বিকভাবে উপকৃত হবে।

এমতাবস্থায়, কৃষক/ভোক্তা পর্যায়ে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য পরিবহন নিবিঘ্ন করতে পরিবহন কাজে নিয়োজিত ট্রাক/বাস চলাচলে নিরাপত্তা প্রদান জরুরী এবং এ ক্ষেত্রে আপনার সহযোগিতা একান্ত কাম্য। এতদ্বিষয়ে সহযোগিতার জন্য আপনার অধিনস্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মো: মাহবুব আহমেদ)

যুগ্ম সচিব

ও

পরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

E-mail: director@dam.gov.bd

জেলা প্রশাসক (সকল)

.....।

পুলিশ সুপার (সকল)

.....।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী ও খুলনা বিভাগ।

৪। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী (সকল) (স্থানীয় প্রশাসনের সাথে

যোগাযোগপূর্বক কৃষিপণ্য চলাচল নিবিঘ্ন করতে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

✓ ICT সেল, সদর দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইট এ প্রকাশের জন্য)।